

ঢাকা আহছানিয়া মিশন  
উত্তম কর্মসম্পাদনা পুরস্কার-২০১৬ এ ভূষিত  
জনাব নিলুফার ইয়াসমিন-এর  
পরিচিতি



ঢাকা আহছানিয়া মিশনের “উত্তম কর্মসম্পাদনা পুরস্কার-২০১৬”-তে ভূষিত হয়েছেন মিশনের অর্থ ও হিসাব বিভাগে কর্মরত সহকারী পরিচালক ও প্রকল্প ইউনিট ইনচার্জ জনাব নিলুফার ইয়াসমিন।

জনাব নিলুফার ইয়াসমিন ১৯৬৪ সালের ১৯ জুন টাংগাইল জেলা সদরে আকুরটাকুর রেজেস্ট্রি পাড়ায় জন্মগ্রহণ করেন। তিনি মরহুম মোঃ হাবিবুর রহমান ও মরহুমা সৈয়দা রোকেয়া বেগম-এর কনিষ্ঠ সন্তান। তিনি ১৯৮৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে হিসাবরক্ষণ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ২০০৭ সালে আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর স্কুল অব বিজনেস অনুযায়ী থেকে ফাইন্যান্স বিষয়ে এমবিএ ডিগ্রি লাভ করেন।

তিনি ঢাকায় অবস্থিত প্রাইভেট প্রতিষ্ঠানে হিসাবরক্ষক হিসেবে কর্মজীবন শুরু করেন। ১৯৯৫ সালে জুলাই মাস পর্যন্ত তিনি উক্ত প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন।

ঢাকা আহছানিয়া মিশনের অর্থ ও হিসাব বিভাগে ১৯৯৫ সালের ১২ই আগস্ট সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে তিনি কাজ শুরু করেন। এরপর দীর্ঘ ২১ বছরের অধিক সময় ধরে তিনি অর্থ ও হিসাব বিভাগের বিভিন্ন পদে অত্যন্ত নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করে চলেছেন। ২০০১ সাল থেকে সিনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্বপ্রাপ্ত হওয়ার পরপরই তিনি অর্থ ও হিসাব বিভাগের প্রজেক্ট ফাইন্যান্স ইউনিটের ইনচার্জ হিসেবে দায়িত্ব প্রাপ্ত হন। প্রজেক্ট ফাইন্যান্স ইউনিটের দায়িত্ব গ্রহণের পর তিনি মাঠ পর্যায়ের অফিসগুলোতে তহবিল ব্যবস্থাপনা এবং হিসাব রক্ষণ পদ্ধতি জোরদার করার লক্ষ্যে ২০০২ সালের শেষে মাঠ পর্যায়ে তহবিল ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ পদ্ধতির উপর গাইডলাইন তৈরিসহ প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরি করেন। এই ম্যানুয়ালের আলোকে মাঠ পর্যায়ে কর্মরত হিসাবরক্ষণ কাজে নিয়োজিত কর্মীদের এবং তাদের সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান করেন। এভাবে অর্পিত দায়িত্ব হিসেবে দাতা সংস্থার অর্থায়নে পরিচালিত প্রকল্পসমূহের হিসাবরক্ষণ ও রিপোর্টিং এর দায়িত্ব তিনি নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন।

ঢাকা আহছানিয়া মিশনের পরিচালক অর্থ ও হিসাব মহোদয়-এর নেতৃত্বে পরিচালিত অর্থ ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ পদ্ধতির উন্নয়নমূলক কর্মকান্ড, যেমন-অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালার খসড়া তৈরি, অর্থ সংক্রান্ত প্রশিক্ষণ মডিউল তৈরী ও প্রশিক্ষণ প্রদান, ফিন্যান্সিয়াল ম্যানুয়াল এবং প্রকিউরমেন্ট ম্যানুয়াল ও প্রকিউরমেন্ট ম্যানুয়াল রিভিউ ও পৃথকীকরণ কার্যক্রম, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট মনিটরিং সিস্টেম চালু করা ও দাতা সংস্থা কর্তৃক বিভিন্ন সময়ে সংগঠিত ফিন্যান্সিয়াল রিভিউ কার্যক্রমে তার অংশগ্রহণ উল্লেখযোগ্য।

জনাব নিলুফার ইয়াসমিন অর্থ ও হিসাব বিভাগের মত একটি গুরুত্বপূর্ণ ও দায়িত্বশীল বিভাগের প্রজেক্ট ফাইন্যান্স ইউনিটের দায়িত্বে নিয়োজিত আছেন। এই বিভাগের কর্মী হিসেবে অত্যন্ত আন্তরিকতা ও দক্ষতার সাথে তিনি কর্মসূচি বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য বিভাগের কাজে সহায়তা করে চলেছেন। তিনি স্বল্প পরিসরে হলেও প্রজেক্ট ফাইন্যান্স ইউনিটের আওতায় চলমান প্রকল্পসমূহের ফিন্যান্সিয়াল মনিটরিং কার্যক্রম সম্পাদনের জন্য নিজস্ব টিমকে সহযোগিতা ও সহায়তা করে যাচ্ছেন। তিনি ডিসেন্ট্রালাইজড প্রকল্পসহ সকল প্রকল্পের হিসাবরক্ষণ কার্যে নিয়োজিত কর্মীবৃন্দের মধ্যে সমন্বয় রক্ষার দায়িত্বটি অত্যন্ত দক্ষতার সাথে পালন করছেন।

জনাব নিলুফার ইয়াসমিন মিশনের অরগানাইজেশনাল ডেভেলপমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণ এবং আর্থিক ব্যবস্থাপনা প্রক্রিয়ার উন্নয়ন সাধনে ভূমিকা রেখে চলেছেন। কনসালটিং ফার্ম ইউএনওপিএস (UNOPS)-এর সহায়তায় অরগানাইজেশনাল ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রকল্পে তিনি ক্যাপাসিটি বিল্ডিং কমিটির মেম্বর হিসেবে কাজ করছেন। এছাড়াও তিনি উক্ত সংস্থার সাথে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট এন্ড ইন্টার্নাল কন্ট্রোল (এফএমআইসি) টাস্ক কমিটির মেম্বর হিসেবে অরগানাইজেশনের উন্নয়নে কাজ করছেন। ইউএনওপিএস (UNOPS)-এর সহায়তায় ইন্টার্নাল কন্ট্রোল বিষয়ক প্রশিক্ষণেও তিনি একজন ফ্যাসিলিটের হিসাবে অংশগ্রহণ করেছেন।

সঠিক সময়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে অর্থ ও হিসাব বিভাগ থেকে সর্বোচ্চ সহায়তা প্রদানের মাধ্যমে অর্থ ব্যবস্থাকে আরও স্বচ্ছ ও যুগোপযোগী করার জন্য তিনি সক্রিয় উদ্যোগ গ্রহণ করে যাচ্ছেন। এছাড়া একই অর্থ ব্যবস্থাপনা পদ্ধতি সংস্থার সকল প্রকল্পে চালু করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমে তিনি আন্তরিকভাবে কাজ করে চলেছেন।

ডামের সাংস্কৃতিক অঙ্গনে তার পদাচরণা প্রশংসার দাবি রাখে। তাঁর সাবলি র উপস্থাপনায় বিশ্ব নারী দিবস, ইংরেজি বর্ষবরণ ইত্যাদি উদ্‌যাপন করা হয়। দায়িত্ব ও নিষ্ঠাবান সদালাপী জনাব নিলুফার ইয়াসমিন-এর অন্যতম গুণাবলী হলো তিনি সৎ ও কর্মঠ। যে কোন কাজকে চ্যালেঞ্জ হিসেবে গ্রহণ করে তা অত্যন্ত বুদ্ধিমত্তার সাথে টিমের সকলকে সাথে নিয়ে বাস্তবায়ন করা তাঁর চরিত্রের অন্যতম বিশেষ গুণ। কর্তব্যের প্রতি তাঁর নিষ্ঠা ও দায়িত্ববোধ, সহকর্মীদের প্রতি সহযোগী মনোভাব, কর্মবৈচিত্র্য আনয়নে সৃষ্টিশীলতা, চ্যালেঞ্জ গ্রহণ, অতিরিক্ত কাজের দায়িত্ব গ্রহণে ইতিবাচক মনোভাব, সংস্থার ভাবমূর্তি তুলে ধরতে বিভিন্ন কার্যক্রমে সহায়তা ও অংশগ্রহণ, কাজের সমন্বয় ও গুণগত মান বজায় রাখার মধ্য দিয়ে মিশনের উন্নয়নে অনন্য অবদানের জন্য জনাব নিলুফার ইয়াসমিনকে “শ্রেষ্ঠ কর্মসম্পাদনা পুরস্কার-২০১৬”-এ ভূষিত করা হচ্ছে।

